

## কন্ট্রোল রুমে কর্তব্যরত কমিউনিটি পুলিশ অপারেটর এর দায়িত্ব সমূহঃ

১. কর্তব্যরত অপারেটর সর্বদা মনিটর সমূহে নজর রাখবেন।
২. প্রতি এক ঘন্টা পর পর সবগুলো ক্যামেরা একের পর এক ফুল স্ক্রীন করে আনুমানিক ৫ সেকেন্ড এর জন্য দেখবেন।
৩. কোনও অস্বাভাবিক, অনিরাপদ ইত্যাদি কিছু দেখলে ফোন, ওয়্যারলেস সেট ইত্যাদির মাধ্যমে সংশ্লিষ্ট জনের / টহল রত কমিউনিটি পুলিশের সহযোগিতায় তা সমাধান করবেন, নতুবা কর্তব্যরত উর্ধতন কর্মকর্তার নির্দেশ মতো কাজ করবেন।
৪. কল সেন্টারের কল সমূহ ধরে সালাম দিয়ে কলকারীকে নিজের নাম জানিয়ে জানতে চাইবেন যে কিভাবে জরুরী সহযোগিতা করতে পারেন।
৫. জরুরী সাহায্যের জন্যে যথাবিহিত ব্যবস্থা নিয়ে বা কর্তব্যরত উর্ধতন কর্মকর্তাকে জানিয়ে ঘটনাটি [www.uk4.org](http://www.uk4.org) এর events পেজ এ লিপিবদ্ধ করবেন।
৬. কল কারী যদি কোনো অভিযোগ বা পরামর্শ দিতে চান তবে তাঁকে [www.uk4.org](http://www.uk4.org) এর complaint পেজ এ লিপিবদ্ধ করতে অনুরোধ জানাবেন।
৭. প্রতিটি সড়ক যানজট মুক্ত আছে কি না তা সর্বদা নজর রাখতে হবে। কোনো অবস্থাতেই যেন কোনও সড়কে, সড়কের বাঁকে, ঢোকা বা বের হবার পথে বা মোড়ের ৫ মিটার পর্যন্ত স্থান প্রতিবন্ধকতা মুক্ত নিশ্চিত রাখতে হবে। এসকল স্থান গুলোতে যানবাহন ইত্যাদি রাখতে দেয়া যাবে না।
৮. কোনো সড়ক দুর্ঘটনা জানতে পারলে, দুর্ঘটনা সংশ্লিষ্ট যানবাহন ও ব্যক্তিদের নাম, ঠিকানা, নম্বর, ছবি ইত্যাদি সংগ্রহের ব্যবস্থা করবেন। কল করে কর্তব্যরত নিকটস্থ কমিউনিটি পুলিশ এর মাধ্যমে আহতদের প্রয়োজনীয় জরুরী প্রাথমিক চিকিৎসার পাঠানোর জন্যে সহযোগিতা করবেন। এব্যাপারে উত্তরা ৬নম্বর সেক্টরের কুয়েত মৈত্রী হাসপাতাল অথবা ৯ নম্বর সেক্টরের সোনারগাঁও জনপথের উত্তরা আধুনিক মেডিকেল কলেজ / হাসপাতাল ব্যবহারের পরামর্শ দিতে পারেন।
৯. প্রয়োজনে ঘটনাস্থলে অতিরিক্ত কমিউনিটি পুলিশ পাঠানোর ব্যবস্থা নেবেন। নিয়ম মোতাবেক ঘটনা পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করবেন।
১০. সেক্টরে অবৈধ চাঁদাবাজি নিষিদ্ধ। এব্যাপারে সেক্টর বাসিন্দার নিরাপত্তা প্রদান করা কমিউনিটি পুলিশদের দায়িত্ব। হিজড়াদের দল ইত্যাদিদের আপত্তিজনক ভাবে চলাফেরা বা অবস্থান করে থাকতে দেখলে বা খবর পেলে তাৎক্ষণিক ভাবে আমাদের নিরাপত্তা কর্মীদের (কমিউনিটি পুলিশ) পাঠিয়ে উক্ত স্থানের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে ঘটনাস্থলে অতিরিক্ত কমিউনিটি পুলিশ/ আমাদের নিরাপত্তা কর্মী পাঠানোর ব্যবস্থা নেবেন।
১১. অত্র সেক্টরে কোনো চোর, ছিনতাইকারী ইত্যাদি অপরাধী ধরা পড়লে তাঁকে কোনো প্রকার অত্যাচার না করে কমিউনিটি পুলিশ দ্রুত থানায় খবর দিয়ে সরকারী পুলিশের কাছে ঘটনাস্থল থেকেই হস্তান্তর করবেন। এ ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা তার প্রতিনিধি ঘটনার বাদী হবেন। প্রয়োজনে এ ব্যাপারে উর্ধতন কর্মকর্তার সহায়তা নেবেন।

নোট : নতুন অপারেটর কল্যাণ সমিতির কমিউনিটি পুলিশ কমান্ডার এর কাছ থেকে অত্র সেক্টরের এসব নিয়ম সমূহ ক্যামেরা মনিটর চালনা ইত্যাদি ভালোভাবে শিখে নেবেন ও অনুশীলন করবেন।